



রূপগঞ্জ আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে যুবদল-ছাত্রদল সংঘর্ষে গুলিবিদ্ধসহ আহত ১০



সংগৃহীত ছবি

গত সোমবার (১৬জুন) রাত ১১টার দিকে নারায়ণগঞ্জের রূপগঞ্জ এলাকায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে যুবদলের সঙ্গে ছাত্রদলের ধাওয়া পাল্টা ধাওয়া সংঘর্ষ ও গোলাগুলিতে রণক্ষেত্র পরিণত হয়েছে। এতে উভয় পক্ষের গুলিবিদ্ধসহ প্রায় ১০ জন আহত হয়েছে বলে জানিয়েছেন স্থানীয় লোকজন। গোলাকান্দাইল এলাকার নতুন বাজারে এই ঘটনা ঘটে। আহত একজন গুলিবিদ্ধ সুমনকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে বলে জানা গেছে।

প্রত্যক্ষদর্শীদের মতে, এলাকায় অবস্থিত গার্মেন্টস সেক্টর, জমির ব্যবসাসহ প্রতিষ্ঠানের আধিপত্য বিস্তার করতে গিয়ে গোলাকান্দাইল ইউনিয়ন যুবদল নেতা আরিফ মিয়ান সঙ্গে নারায়ণগঞ্জ জেলা ছাত্রদল নেতা রকি মিয়ান সাথে এই সংঘর্ষের ঘটনা ঘটে।

গতকাল সোমবার রাত ১১টার সময় গোলাকান্দাইল বাজারের দক্ষিণপাড়া ঈদগাহ মাঠের সামনে যুবদল নেতা আরিফ মিয়ান সঙ্গে নারায়ণগঞ্জের জেলা ছাত্রদল সভাপতি রকি মিয়ান সাথে তর্কবিতর্ক ও বাকবিতণ্ডা হয়েছে। এর কিছুক্ষণ পরেই তাদের উভয় পক্ষের কন্নীরা লাঠি, ধারালো অস্ত্রশস্ত্র এবং পিস্তল নিয়ে ধাওয়া পাল্টা ধাওয়া ও সংঘর্ষে পুরো এলাকা রণক্ষেত্র পরিণত করেছে। তারা উভয় পক্ষ বেশ কয়েক রাউন্ড গুলি বর্ষণ করে।

তাদের সংঘর্ষ ও গোলাগুলির ঘটনায় স্থানীয় মানুষজনের মাঝে চরম আতঙ্ক ছড়িয়ে পড়ে। এতে পুরো এলাকার আশপাশের সব বাজার ও দোকানপাট বন্ধ করে ফেলে ব্যবসায়ীরা। গোলাগুলি ও সংঘর্ষে উভয়পক্ষের গুলিবিদ্ধ সহ প্রায় ১০ জন আহত হয়ে নারায়ণগঞ্জের বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়েছে। গুরুতর একজনকে ঢাকা মেডিকেল এ ভর্তি করা হয়েছে। গতকাল রাতে এই ঘটনা ঘটান পর থেকে পুরো এলাকায় খমখমে পরিস্থিতি বিরাজ করছে। চারদিকে আতঙ্ক ছড়িয়ে পড়েছে। আবার তাদের কন্নীরা যেকোনো সময় সংঘর্ষে জড়িয়ে পড়বেন বলে আশঙ্কা করছেন এলাকাবাসী।

এই ঘটনায় নারায়ণগঞ্জ জেলা সহকারী পুলিশ সুপার মেহেদী ইসলাম লেল এশিয়ায়কে বলেন; এ ধরনের ঘটনার সংবাদ পেয়ে সঙ্গে সঙ্গে ঘটনাস্থলে অতিরিক্ত পুলিশ পাঠিয়ে পরিস্থিতি শান্ত করা হয়। বর্তমানে পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এখন পর্যন্ত কোন পক্ষ রূপগঞ্জ খানায় অভিযোগ দায়ের করেনি। তদন্ত করে যারা এ ঘটনার সঙ্গে জড়িত তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।